

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডায়ী শাখা); ৬৫২৪৫ (উচ্চ মাধ্যমিক শাখা);

ফ্যাক্স : ৮৮-০৮১-৩১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd

Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd1>

তারিখ: ০৯/০২/২০২৬খ্রি.


বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের উপবৃত্তির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্ন উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৯/০২/২০২৬ হতে ২০/০২/২০২৬ তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখার অফিস কক্ষে জমা দেয়ার জন্য বলা হলো।

উপবৃত্তির আবেদনের সাথে নিম্নোক্ত তথ্যাদি জমা ও অনুসরণীয় বিষয়সমূহ

- ১) শিক্ষার্থী কর্তৃক পুরনকৃত উপবৃত্তির আবেদন ফরম। (০১ কপি পাসফোর্ট সাইজ ছবিসহ)
- ২) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন অনলাইন সনদের ফটোকপি (১৭ সংখ্যা)।
- ৩) পিতা ও মাতার অনলাইন জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- ৪) পিতা-মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- ৫) এসএসসি পরীক্ষার রেজি. কার্ড ও মার্কসিটের ফটোকপি।
- ৬) শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং (নগদ) অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- ৭) একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা।
- ৮) পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কাউকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তার নাম ব্যবহার করতে হবে।
- ৯) স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসেবে তার নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে।
- ১০) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচীর আওতাভুক্ত হবে না।
- ১১) ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর কর্তৃক অভিভাবকের বার্ষিক আয় ও সম্পদের পরিমাণ উল্লেখপূর্বক নগরিকত্ব সনদ।
- ১২) সরকারি অন্যকোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১৩) উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য সার্ভারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি ভালোভাবে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

বি.দ্র. জমি অথবা বসত-বিটার পরিমাণ ১০ শতাংশের বেশি হলে আবেদন করার প্রয়োজন নেই।


অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা।

প্রফেসর মোঃ আবুল বাসার ভূঞা (৭৬৩২)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা